

গ্যাস পাইপলাইন নির্মাণ কাজের জন্য বিভিন্ন শ্রেণীর ঠিকাদারের কাজের পরিধি

ক্র. নং	ঠিকাদারের শ্রেণী	চাপের সীমা (পিএসআইজি)	কাজের পরিধি
০১.	১.১	০-২	যে সকল আবাসিক ও বাণিজ্যিক গ্রাহকের অভ্যন্তরীণ গ্যাস পাইপ লাইন সর্বোচ্চ ০২(দুই) পিএসআইজি পর্যন্ত চাপ বহন করিবে এবং স্কু বা থ্রেডেড জয়েন্টের জি আই পাইপ দ্বারা স্থাপিত/নির্মিত হইবে সেই সকল ক্ষেত্রে এই শ্রেণীর ঠিকাদারগণ এইরূপ পাইপ লাইন নির্মাণ/স্থাপন/স্থানান্তর/পরিবর্তন/পরিবর্ধন বা বর্ধিত করার ক্ষমতা প্রাপ্ত হইবে।
০২.	১.২	০২-২৫	০২(দুই) পিএসআইজি-এর অধিক এবং ২৫ পিএসআইজি পর্যন্ত চাপ বহন করিতে সক্ষম আবাসিক ও বাণিজ্যিক গ্রাহকদের এবং শিল্প গ্রাহকদের অভ্যন্তরীণ গ্যাস পাইপ লাইন যাহা ওয়েল্ডেড জয়েন্ট যুক্ত এমএস পাইপ দ্বারা নির্মিত হইবে সে সকল গ্রাহকদের অভ্যন্তরীণ পাইপ লাইন নির্মাণ/স্থাপন/স্থানান্তর/পরিবর্তন/পরিবর্ধন বা বর্ধিত করার ক্ষমতা প্রাপ্ত হইবে।
০৩.	১.৩	০-১৫০	এই শ্রেণীর ঠিকাদারগণ পেট্রোবাংলা ও এর আওতাভুক্ত কোম্পানির নিজস্ব এবং গ্যাস ব্যবহারকারী বিভিন্ন সংস্থা/গ্রাহকের ১৫০পিএসআইজি চাপ পর্যন্ত সকল ব্যাসের গ্যাস পাইপ লাইন নির্মাণ/স্থাপন, ডিআরএস/সিএমএস/রেগুলেটিং এন্ড মিটারিং স্টেশন ইত্যাদিসহ (সর্বোচ্চ ১৫০ পিএসআইজি ইনলেট চাপ বিশিষ্ট) ও সমূদয় প্রাসঙ্গিক কার্য সম্পাদন করিতে পারিবেন। নির্মাণ কাজে ব্যবহারযোগ্য প্রয়োজনীয় সকল যন্ত্রপাতি, সরঞ্জাম ও উপকরণ সরবরাহসহ এতদবিষয়ে সংশ্লিষ্ট সার্ভিস সমূহ ঠিকাদার প্রদান করিবে।
০৪.	১.৪	>১৫০	এই শ্রেণীর ঠিকাদারগণ পেট্রোবাংলা ও এর আওতাভুক্ত কোম্পানির নিজস্ব এবং গ্যাস ব্যবহারকারী বিভিন্ন সংস্থা/গ্রাহকের ১৫০পিএসআইজি

			<p>এর উর্দ্ধ চাপ সম্পন্ন সকল ব্যাস বিশিষ্ট গ্যাস পাইপ লাইন নির্মাণ/স্থাপন, সিজিএস/টিবিএস/ডিআরএস/সিএমএস/রেগুলেটিং এন্ড মিটারিং স্টেশন ইত্যাদিসহ (১৫০ পিএসআইজি এর উর্দ্ধ ইনলেট চাপ বিশিষ্ট) ও সমূদয় প্রাসঙ্গিক কার্য সম্পাদন করিতে পারিবেন। নির্মাণ কাজে ব্যবহারযোগ্য প্রয়োজনীয় সকল যন্ত্রপাতি, সরঞ্জাম ও উপকরণ সরবরাহসহ এতদবিষয়ে সংশ্লিষ্ট সার্ভিস সমূহ ঠিকাদার প্রদান করিবে।</p>
--	--	--	--